

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ছাত্র মো. শাহরিয়ারের মৃত্যুতে পাল্টাপাল্টি মামলা নথিভুক্ত করেছে রাজপাড়া থানা পুলিশ। গতকাল রবিবার সন্ধ্যায় রাজপাড়া থানার ওসি মো. জাহাঙ্গীর আলম কালের কণ্ঠকে মামলার আবেদন গ্রহণ করার বিষয়টি নিশ্চিত করেন। দুটি মামলায় আসামি করা হয়েছে ৪০০ জনকে।

এ বিষয়ে রাজপাড়া থানার ওসি মো. জাহাঙ্গীর আলম বলেন, ‘গত ২২ অক্টোবর রাজশাহী মেডিক্যাল কলেজ (রামেক) হাসপাতাল কর্তৃপক্ষ এবং রাবি প্রশাসনের মামলার আবেদন গ্রহণ করা হয়েছে।

বিজ্ঞাপন

মামলা দুটি বর্তমানে তদন্তাধীন। ’

রামেক হাসপাতালে হামলা ও ভাঙচুরের অভিযোগে রাবির অজ্ঞাতপরিচয় ৩০০ শিক্ষার্থীর বিরুদ্ধে মামলা হয়েছে। একই সঙ্গে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ওপর হামলার অভিযোগে রামেকের অজ্ঞাতপরিচয় ১০০ জনেরও বেশি লোকের বিরুদ্ধে মামলা হয়েছে।